বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা —
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখতাপে ব্যথিত চিতে নাই বা দিলে সান্ত্বনা,
দুঃখে যেন করিতে পারি জয় ॥
সহায় মোর না যদি জুটে  নিজের বল না যেন টুটে —
সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা,
নিজের মনে না যেন মানি ক্ষয় ॥
আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা —
তরিতে পারি শকতি যেন রয়।
আমার ভার লাঘব করি নাইবা দিলে সান্ত্বনা,
বহিতে পারি এমনি যেন হয় ॥
নম্রশিরে সুখের দিনে  তোমারি মুখ লইব চিনে —
দুখের রাতে নিখিল ধরা যেদিন করে বঞ্চনা
তোমারে যেন না করি সংশয় ॥

---

Parjaay: Puja, Taal: Jhampak, Raag: Iman-Kalyan

Visit www.geetabitan.com for notation and other detail